

## ■■ সহীহ মুসলিম (হাদীস একাডেমী)

হাদিস নাম্বারঃ ৬৮৮ [আন্তর্জাতিক নাম্বারঃ ৩৬০]
৩। হায়য ঋতুস্রাব (کتاب الحیض)
পরিচ্ছেদঃ ২৫. উটের গোশত খেয়ে ওযু করা সম্পর্কে।

# باب الْوُضُوءِ مِنْ لُحُومِ الإِبِلِ

### আরবী

حَدَّثَنَا أَبُو كَامِلٍ، فُضَيْلُ بْنُ حُسَيْنٍ الْجَحْدَرِيُّ حَدَّثَنَا أَبُو عَوَانَةَ، عَنْ عُثْمَانَ بْنِ عَبْدِ اللَّهِ بْنِ مَوْهَب، عَنْ جَعْفَر بْنِ أَبِي ثَوْرٍ، عَنْ جَابِر بْنِ سَمُرَةَ، أَنَّ رَجُلاً، سَأَلَ رَسُولَ اللَّهِ صَلَى الله عليه وسلم أَأْتَوَضَّأُ مِنْ لُحُومِ الْغَنَمِ قَالَ " إِنْ شِئْتَ فَتَوَضَّأُ وَإِنْ شِئْتَ فَلاَ تَوَضَّأُ ". قَالَ أَتَوَضَّأُ مِنْ لُحُومِ الإِبلِ قَالَ " نَعَمْ فَتَوَضَّا مِنْ لُحُومِ الإِبلِ قَالَ " نَعَمْ فَتَوَضَّا مِنْ لُحُومِ الإِبلِ ". قَالَ أُصلِي فِي مَرَابِضِ الْغَنَمِ قَالَ " لَا " . قَالَ أُصلِي فِي مَبَارِكِ الإِبلِ قَالَ " لاَ " .

#### বাংলা

৬৮৮-(৯৭/৩৬০) আবৃ কামিল ফুযায়ল ইবনু হুসায়ন আল জাহদারী (রহঃ) .... জাবির ইবনু সামুরাহ (রাযিঃ) থেকে বর্ণিত। এক লোক রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর কাছে এসে জিজ্ঞেস করল, আমি কি বকরীর মাংস খেয়ে ওযু করব? তিনি বললেন, তোমার ইচ্ছা ওযু করতে পার আর নাও করতে পার। সে বলল, আমি কি উটের মাংস খেয়ে ওযু করব? তিনি বললেন, হ্যাঁ, উটের মাংস খেয়ে তুমি ওযু করবে। সে বলল, আমি কি বকরীর ঘরে সালাত আদায় করতে পারি? তিনি বললেন, হ্যাঁ। সে বলল, আমি কি উটের ঘরে সালাত আদায় করতে পারি? তিনি বললেন, না\*। (ইসলামিক ফাউন্ডেশনঃ ৬৮৭, ইসলামিক সেন্টারঃ ৭০২)

## **English**

Chapter: (Performing) wudu' after eating camel meat

Jabir b. Samura reported: A man asked the Messenger of Allah (may peace he upon him) whether he should perform ablution after (eating) mutton. He (the Messenger of Allah) said: Perform ablution it you so desire, and if you do not wish, do not perform it. He (again) asked: Should I perform ablution (after eating) camel's flesh? He said: Yes, perform ablution (after eating) camel's flesh. He (again) said: May I say prayer in the sheepfolds? He (the Messenger of Allah) said: Yes. He (the narrator) again said: May I say prayer



where camels lie down? He (the Holy Prophet) said: No.

## ফুটনোট

\*যেহেতু অত্র হাদীস স্পষ্ট প্রমাণ করছে যে, উটের গোশত খেলে ওযু নষ্ট হয়ে যাবে। সেহেতু কোন প্রকার মন্তব্য ছাড়াই এ নির্দেশ মেনে নিতে হবে। ওযু অবস্থায় উটের গোশত খেয়ে সালাত আদায়ের ইচ্ছা করলে অবশ্যই পুনরায় ওযু করতে হবে।

উটের আস্তাবলে সালাত আদায়ের নিষেধের কারণ হচ্ছে, উট দুষ্ট প্রকৃতির বিরাট পশু। সালাত আদায়কারীর ক্ষতি সাধন করতে পারে। পক্ষান্তরে বকরীর ঘরে সালাত আদায় করলে ক্ষতি সাধনের আশঙ্কা নেই। (নবাবী)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ জাবির ইবনু সামুরাহ (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন